

BENGALI**Paper-II**

(Literature)

Time Allowed : Three Hours

Maximum Marks : 300

INSTRUCTIONS

Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any THREE of the remaining questions, selecting at least ONE question from each Section.

The number of marks carried by each question is indicated at the end of the question.

Answers must be written in Bengali.

Section—A

1. নিম্নলিখিত যে কোনো তিনটি অংশের প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন এবং নিম্নরেখ পদ বা পদগুচ্ছ সম্বন্ধে টীকা রচনা করুন (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 200) :

20×3=60

- (a) কি এ মানুষ পসু পাখিয়ে জনমিয়ে
অথবা কীটপতঙ্গ ।
করম বিপাকে গতাগতি পুনপুন
মতি রহ তুয়া পরসঙ্গ ॥

- (b) বরিষার কালে, সখি, প্লাবন-পীড়নে
কাতর প্রবাহ ঢালে, তীর অতিক্রমি,
বারি-রাশি দুই পাশে; তেমতি যে মনঃ
দুঃখিত, দুঃখের কথা কহে সে অপরে ।

- (c) বসুন্ধরা বসিয়া আছেন এলোচুলে
দূরব্যাপী শস্যক্ষেত্রে জাহ্নবীর কূলে
একখানি রৌদ্রপীত হিরণ্য-অঞ্চল
বক্ষে টানি দিয়া; স্থির নয়নযুগল
দূর নীলাশ্বরে মগ্ন; মুখে নাহি বাণী ।
- (d) আত্মেন্দ্রিয় প্রীতি-ইচ্ছা তারে বলে কাম ।
ক্ষেত্রেন্দ্রিয় প্রীতি-ইচ্ছা ধরে প্রেম নাম ॥

2. 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গের কাব্য-উপযোগিতা সম্পর্কে
নিজের মতামত দিন । 60
3. প্রকৃতি-দুহিতা কপালকুণ্ডলার স্বাতন্ত্র্যের বিশদ পরিচয় দিন । 60
4. 'ছিন্নপত্রাবলী' অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি-চেতনার স্বরূপ
বিবৃত করুন । 60

Section—B

5. নিম্নলিখিত যে কোনো তিনটি অংশের প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা
লিখুন এবং নিম্নরেখ পদ বা পদগুচ্ছ সম্বন্ধে টীকা রচনা করুন
(প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্ধ্বসীমা 200) :
20×3=60

- (a) ওরে কবি, ভয় কিছু নেই তোর—
কালো রঙ যে সকল রঙের চোর ।
জানি যে ওর বক্ষে রাখে তুলি
হারিয়ে যাওয়া পূর্ণিমা ফাল্গুণী—
অস্তরবির রঙের কালো বুলি,
রসের শাস্ত্রে এই কথা কয় শুনি ।

- (b) আবার আকাশ অন্ধকার ঘন হয়ে উঠছে;
আলোর রহস্যময়ী সহোদরার মতো এই অন্ধকার ।
যে আমাকে চিরদিন ভালোবেসেছে
অথচ যার মুখ আমি কোনদিন দেখিনি,
সেই নারীর মতো
ফাল্গুন আকাশে অন্ধকার নিবিড় হয়ে উঠছে ।
- (c) একদিন গভীর রাতে ভীষণ শব্দ শুনলুম, যেন কোন্ দৈত্যের
দুঃস্বপ্ন গুমরে গুমরে হঠাৎ ভেঙে গেল । সকালে দেখি
পাহাড়টা ভূমিকম্পের টানে মাটির नीচে তলিয়ে গেছে ।
শক্তির ভার নিজের অগোচরে কেমন করে নিজেকে পিষে
ফেলে, সেই পাহাড়টাকে দেখে তাই বুঝেছিলুম ।
- (d) ভালবাসার যে জাতি নাই, ধর্ম নাই, বিচার-বিবেক ভালমন্দ-
বোধ কিছুই নাই, যে এমন করিয়া মরিতে পারে, সে যে
এই-সব সমাজের হাতেগড়া আইন-কানুনের অনেক
উপরে, এ-সকল বিধিনিষেধ যে তাহাকে স্পর্শ করিতে
পারে না, এই মরণের সম্মুখে দাঁড়াইয়া আজ এ কথা সে
অস্বীকার করিবে কেমন করিয়া ?

6. পূর্ববর্তী 'যক্ষপুরী' থেকে পরবর্তী নূতন নামকরণ 'রক্তকরবী'
নাটকটির ক্ষেত্রে কোন্ দিক দিয়ে অধিকতর উপযুক্ত হয়েছে,
লিখুন । 60
7. 'জাগরী'কে যথার্থ রাজনৈতিক উপন্যাস বলা যায় কি? যুক্তিসহ
আলোচনা করুন । 60
8. সমাজের অবহেলিত অনুন্নত সম্প্রদায়ের মানুষেরা
মাণিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে কীভাবে স্থান পেয়েছে,
লিখুন । 60

